কোটচাঁদপুরে চলছে তীব্র তাপদহ আর গরম ঝরে পড়ছে গাছের আম

কোটচাঁদপুরে চলছে তীব্র তাপদহ আর গরম। অন্যদিকে বিদ্যুৎতের লোডশেডিং। এতে করে ঝরে পড়ছে গাছের আম। ধানে দেখা দিয়েছে ব্লাস্ট রোগ। ব্যহত হতে পারে উৎপাদন,এমন আশংকা চাষিদের। তবে ইতোমধ্যে চাষিদের সচেতন করতে লিফলেট বিতরন ও বিভিন্ন ধরনের পরামর্শ অব্যহত রেখেছেন বলে জানিয়েছেন, উপজেলা কৃষি কর্মকর্তা নাজিবুল হাসান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, কোটচাঁদপুর উপজেলায় এ বছর ধানের চাষ হয়েছে ৬ হাজার ১ শ ৫০ হেক্টর। তবে গেল বছরের তুলনায় ৫০ হেক্টর জমিতে কম চাষ হয়েছে।

আর আমের চাষ হয়েছে ৭ শ হেক্টর জমিতে। গেল বছর উৎপাদন হয়েছিল ১২ হাজার ৬ শ মেট্রিক টন। এ উপজেলায় ১৭ শ টি বাগান রয়েছে। তবে সব কিছু ঠিক ঠাক থাকলে গেল বছরের তুলনায় বেশি উৎপাদন হবে বলে আশাও করেছেন।

উপজেলার তালসার গ্রামের চাষি সোহরাব হোসেন বলেন,তীব্র তাপদহ,গরমে এমনিতেই ফসলের ক্ষতি হচ্ছিল। এরপর কয়েক দিন ধরে বিদ্যুৎতের টানা লোডশেডিংয়ে চাষিররা দিশেহারা। ওই চাষি বলেন, তাপ আর গরম থাকলেও ক্ষেতে ঠিকমত সেচ দেওয়ায় ফসলের তেমন ক্ষতি হচ্ছিল না। এ লোডশেডিংয়ে কয়েকদিন ধরে ঠিকমত সেচ দেয়া যাচ্ছে না। এতে করে ধানের ডগা শুকিয়ে যাচ্ছে। দেখা দিচ্ছে ব্লাষ্ট রোগ। যাতে উৎপাদন ব্যহত হতে পারে।

এ ছাড়া তাপ আর গরমে আমের গুটি লাল হয়ে ঝরে পড়ছে। তবে অন্য কোন ফসলে তেমন কোন সমস্যা দেখা যাচ্ছে না। এ সব বিষয় নিয়ে কৃষি অফিস ধানের জমিতে পানি রাখতে পরামর্শ দিয়েছেন। এছাড়া আমের জমিতে সেচ ও গাছেও পানি স্প্রে করতে বলেছেন।

নারানবাড়িয়া গ্রামের ফয়েজ আহমেদ বলেন, এ তাপ আর গরমে আম ঝরে পড়ছে। ধানেও দেখা দিয়েছে ব্লাস্ট রোগ। এতে করে উৎপাদন কমতে পারে বলে জানিয়েছেন ওই চাষি।

উপজেলা কৃষি কর্মকর্তা নাজিবুল হাসান বলেন,তীব্র তাপদহ ও অনাবৃষ্টিতে ধানের ক্ষতি হতে পারে। তবে সব ধরনের ধানের ক্ষতি হবে

না। মূলত যে ধানের ফুল রয়েছে, ওই সব ধানের সমস্যা হতে পারে।

এ ছাড়া ব্লাষ্ট রোগের প্রাদুভাব দেখা দিয়েছে। তবে তেমন বেশি না। মাত্র ১ হেক্টর ধানের জমিতে এ রোগ দেখা দিয়েছে। তিনি বলেন, ইতোমধ্যে আমরা চাষিদের সচেতন করতে এলাকায় এলকায় লিফলেট বিতরন করা হচ্ছে।

কৃষি কর্মকর্তা বলেন,যে আবহাওয়ায় আম কিছু ঝরে পড়তে পারে। সে ক্ষেত্রে গাছের গোড়ায় পানি দেয়া যেতে পারে। এ ছাড়া অন্য কোন ফসলের তেমন কোন ক্ষতি হওয়ার কথা আমার জানা নাই। এ ছাড়া কেউ অভিযোগ ও করেনি।

তবে বিদ্যুৎ নিয়ে চাষিদের অভিযোগ রয়েছে। বেশ কয়েক দিন ধরে, ঘন ঘন লোডশেডিং হচ্ছে। ফলে চাষিরা তাদের চাহিদা অনুযায়ী সেচ দিতে পারছে না। এ কারনে ধানে বিভিন্ন ধরনের রোগের প্রাদুভাব দেখা দিতে পারে। এতে করে উৎপাদন ও কম হওয়ার আশংকা দেখা দিবে।

বাচ্চাদের ডুডল অ্যানিমেট করবে মেটার এআই

মেটা সম্প্রতি একটি নতুন কৃত্রিম বুদ্ধিমত্তা টুল নিয়ে কাজ করার কথা জানিয়েছে। নতুন এই টুলটি হাতে আঁকা ড্রয়িং বা ডুডল সহজেই অ্যানিমেট করে দিতে পারবে। তারা জানিয়েছে, এই প্রজেক্টটি সম্পূর্ণ ওপেন-সোর্সড এবং ডেভেলপাররা চাইলে নতুন ফিচার এতে সংযুক্ত করতে পারবেন।

২০২১ সালে মেটা এনিমেটেড ড্রয়িং টুলের একটি ওয়েব ভার্সন উন্মুক্ত করে। ওই টুলে ব্যবহারকারীরা তাদের আঁকা ছবি আপলোড করে একটু এনিমেটেড ছবি পেতেন। কোম্পানিটি জানায়, এরপর প্রায় ৬ দশমিক ৭ মিলিয়ন ছবি এই ডেমোতে আপলোড করা হয়েছে। পরবর্তীতে রিভিউয়ারদের মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা চালানো হয়েছে।

নতুন এই টুলটি পোজ শনাক্তকরণ এবং ইমেজ প্রসেসিং সেগমেন্টেশনের

ব্যবহার করতে পারে। একবার এনিমেট করা হলে প্রচলিত গ্রাফিক্স টেকনিকের ব্যবহারে সবকিছু অ্যানিমেট করতে পারে এটি। তবে এতদিন পর তারা প্রজেক্টটিকে ওপেন-সোর্সড করেছে। এনিমেশন টুলটি ব্যবহার করাও কঠিন কিছু নয়। আপনিও চাইলে ঘুরে আসতে পারেন।

সূত্র:ইত্তেফাক

ডিপ্রেশনে ভোগা দুজনের জীবন নিয়ে ভিকি জাহেদের ‘শব্দপ্রেম’

আসন্ন ঈদ কেন্দ্র করে ছোটপর্দার নির্মাতা ভিকি জাহেদ নির্মাণ করেছেন একটি মাত্র নতুন ফিকশন । যেখানে অভিনয় করেছেন ছোটপর্দার দুই জনপ্রিয় অভিনয়শিল্পী তৌফিক মাহবুব ও তাসনিয়া ফারিণ।

প্রতিটি মানুষ জীবনে কোনো না কোনোভাবে ডিপ্রেশনে (বিষণ্ণতা) আক্রান্ত হয়। সেই সময়টা তাদের কেমন যায়? ‘শব্দপ্রেম’ মূলত ডিপ্রেশনে পড়া দুজন মানুষের গল্প নিয়ে নির্মিত।

তারেক আনন্দের কথায় সায়েরা রেজার ‘মনের মানুষ’তারেক আনন্দের কথায় সায়েরা রেজার ‘মনের মানুষ’
নির্মাতা ভিকি মনে করেন, এমনটা সমাজের চারপাশে অহরহ দেখা যায়। এই ডিপ্রেশনের গল্পগুলো নিয়ে আমাদের কম কাজ করা হয়। সেই বিষয়টি এক্সপ্লোর করতে চেয়েছি। শব্দপ্রেম দিয়ে প্রেমের গল্প তুলেছেন ভিকি, তবে সেই গল্পটা ভিন্ন আঙ্গিকে। তৌসিফ-ফারিণ দুজনেই ইয়াং জেনারেশনের প্রতিনিধি হিসেবে অভিনয় করেছেন।

ডিপ্রেশনে ভোগা দুজন মানুষের মধ্যে যদি প্রেমের সম্পর্ক গড়ে ওঠে তাহলে কেমন হবে? নিশ্চয়ই আর দশটা সাধারণ কাপলের মতো প্রেমের গল্প হবে না।

ভিকি জানালেন, অদ্ভূত সেই গল্প জানতে হলে দেখতে হবে ‘শব্দপ্রেম’। কিছুটা আভাস পাওয়া যাবে এর প্রকাশিত ট্রেলার দেখলে। চ্যানেল আইয়ের পর্দায় প্রচারের পর ঈদের চতুর্থ দিন রাত ৯টা ওটিটি

প্ল্যাটফর্ম আইস্ক্রিনে উন্মুক্ত হবে ‘শব্দপ্রেম’।

সূত্র: ইত্তেফাক

কোটচাঁদপুরে উপজেলা আওয়ামীলীগের মত বিনিময় ও ঈদ উপহার বিতরণ

কোটচাঁদপুরে উপজেলা আওয়ামীলীগের তৃণমূল নেতা কর্মী দের সাথে মত বিনিময় ও ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

বুধবার সকালে উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে ঈদ উপহার হিসেবে শাড়ী, লুঙ্গী,থ্রি-পিচ ও পাঞ্জাবি বিতরণ করা হয়।

ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু।

ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ (৩) আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল। অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, পৌর সভার প্যানেল মেয়র ও সেচ্ছাসেবক লীগের আহ্বায়ক জাহিদ হোসেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান ,কুশানা,ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল হান্নান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, সাংবাদিক ইসমাইল হোসেন, ছাত্র লীগ নেতা, প্রদীপ কুমার, স্বেচ্ছাসেবক লীগ নেতা লিমন প্রমুখ।

এসময় আওয়ামীলীগ, যুব লীগ, ছাত্র লীগ,স্বেচ্ছাসেবকলীগ, মহিলা আওয়ামীলীগ সহ সকল অঙ্গ সংগঠনে তৃণমূল পর্যায়ের নেতা কর্মী বৃন্দ

উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় গাছেই শুকিয়ে ঝরে পড়ছে পানের পাতা, লোকসানের শঙ্কায় কৃষক

তিব্র রোদ ও অনাবৃষ্টির কারণে বিপাকে পড়েছে আলমডাঙ্গা উপজেলার পান চাষিরা। পানি সংকটে শুকিয়ে যাচ্ছে আবাদি ফসলের জমি। গাছেই শুকিয়ে ঝরে পড়ছে পানের পাতা । এতে লোকসানের আশঙ্কা করছে স্থানীয় কৃষকেরা।

স্থানীয়রা বলছেন, চলতি গ্রীষ্ম মৌসুমে জেলার উপর দিয়ে টানা ১৭ দিনের মত তিব্র তাপদহ চলমান রয়েছে। গত বছর বৃষ্টির পানি না হওয়ায় এবছর দ্রূত পুকুর ও খাল-বিলের পানি শুকিয়ে যাচ্ছে। এতে সেচ পাম্পেও পানি উঠছে না। পান বরজ সহ বিভিন্ন ফসলের খেতে সেচ দেওয়া যাচ্ছে না। এছাড়াও কিছু অঞ্চলে বসতবাড়িতে সুপেয় পানির সংকটও দেখা মিলেছে। এভাবে চলতে থাকলে হাজারো কৃষককে পথে বসতে হবে।

জেহালা ইউনিয়নের শ্রী বাবু কুমার বলেন, গরমে ভূগর্ভস্থ পানি নিচে নেমে গেছে। সেচ পাম্পেও পানি পাওয়া যাচ্ছে না।

বাড়াদি ইউনিয়ন পরিষদের সদস্য সারোয়ার হোসেন জানান, মাথাভাঙ্গা নদীর পানি নাব্যতা কমেছে। অনেক এলাকায় চর জমে পানি প্রবাহ বন্ধ হয়ে গেছে। নদীর পাশের বাড়িগুলোতে নলকূপে পানি সংকট দেখা দিয়েছে।

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা জানান, দাবদহের কারণে অনেক এলাকায় পানি সংকট দেখা দিয়েছে। প্রতিদিন সেচ দিয়েও গাছ স্বাভাবিক আনার চেস্টা করছে কৃষকেরা। আমরাও নিয়মিত পানে পানি দেবার জন্য কৃষকদের অবগতি জানানো হচ্ছে।

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সি.সি.টি আনিসুজ্জামান বলেন,- গভীর নলকূপ প্রকল্প চলমান রয়েছে। কোন অঞ্চলে পানি সংকট দেখা দিলে দ্রূতই ব্যবস্থা নেওয়া হবে।

মিনিস্টার হাই-টেক পার্কে চাকরির সুযোগ

সম্প্রতি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে মিনিস্টার হাই-টেক পার্ক লিমিটেড। প্রতিষ্ঠানটি তাদের সেলস বিভাগে লোকবল নিয়োগ দেবে। আগ্রহীরা আগামী ১৭ মে পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম: কো-অর্ডিনেটর।

পদের সংখ্যা: ৫

আবেদনের যোগ্যতা: কমপক্ষে বিবিএ পাস করতে হবে। পদ সংশ্লিষ্ট কাজে ২-৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। টেলিকমিউনিকেশনে দক্ষ হতে হবে। কম্পিউটার প্রোগ্রাম সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। যোগাযোগ দক্ষতা থাকতে হবে। ইন্টারপারসোনাল স্কিল থাকতে হবে। চূড়ান্ত নিয়োগের পর ঢাকায় কাজের আগ্রহ থাকতে হবে। সেলস অ্যান্ড কাস্টমার সার্ভিসের বিষয়ে দক্ষ হতে হবে।

বয়স: প্রার্থীর বয়সসীমা ২১-৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতন ও সুযোগ সুবিধা: মাসিক বেতন আলোচনা সাপেক্ষে। মোবাইল বিল, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুয়েটি, বার্ষিক ইনক্রিমেন্ট, উৎসব ভাতা প্রদান করা হবে।

আবেদন যেভাবে: আগ্রহীরা অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদন করতে ক্লিক করুন এখানে।।

আবেদনের শেষ তারিখ: ১৭ মে, ২০২৩

ফাইনাল ও অ্যাশেজের জন্য দল ঘোষণা অস্ট্রেলিয়ার

দ্বিতীয় বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল ও অ্যাশেজের প্রথম দুই টেস্টের জন্য ১৭ সদস্যের দল ঘোষণা করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)। দলে ফিরেছেন ডেভিড ওয়ার্নার, মিচেল মার্শ, মার্কাস হ্যারিস ও জশ ইংলিশ।

আগামী ৭ জুন ওভালে ভারতের বিপক্ষে আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল এবং ১৬ জুন থেকে ইংল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচের অ্যাশেজ সিরিজ শুরু করবে অস্ট্রেলিয়া। ওভালে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের জন্য ১৫ জনের স্কোয়াড রাখা হবে।

প্রায় সাড়ে তিন বছর পর অস্ট্রেলিয়ার টেস্ট দলে সুযোগ পেয়েছেন মার্শ। ২০১৯ সালের অ্যাশেজে সর্বশেষ টেস্ট খেলেছিলেন মার্শ। এরপর ইনজুরির কারনে সাদা বলের ক্রিকেট থেকে দূরেই ছিলেন তিনি। গত মাসে শিল্ডে প্রায় দেড় বছর প্রথম শ্রেণীর ক্রিকেটে প্রথম ম্যাচ খেলতে নেমে দুর্দান্ত এক সেঞ্চুরি করেন তিনি। ক্যামেরুন গ্রিনের সঙ্গে দলে অলরাউন্ডার হিসেবে রাখা হয়েছে মার্শকে।

অস্ট্রেলিয়ার ঘরোয়া আসর শেফিল্ড শিল্ডে ৪টি সেঞ্চুরিতে সর্বোচ্চ ৯৪৫ রান করেও দলে সুযোগ পাননি ব্যাটার ক্যামেরুন বেনক্রফট। এমনকি দ্বিতীয় সর্বোচ্চ উইকেট শিকারী হয়ে দলে সুযোগ পাননি পেসার মাইকেল নেসার।
দলে ফিরেছেন শিল্ডে ২টি সেঞ্চুরিতে ভিক্টোরিয়ার হয়ে ৬০১ রান করা হ্যারিস। গেল বছরের অ্যাশেজে অস্ট্রেলিয়ার হয়ে সর্বশেষ টেস্ট খেলেন ৩০ বছর বয়সী এ ব্যাটার। ওয়ার্নার ও উসমান খাজার পর বিকল্প ওপেনার হিসেবে নেওয়া হয়েছে হ্যারিসকে।

সর্বশেষ ভারতের বিপক্ষে সিরিজে দারুণ পারফরম্যান্স করেছেন স্পিনার টড মারফি। ভারতের অভিষেক সিরিজে চার টেস্ট খেলে ১৪ উইকেট নেন তিনি। অভিজ্ঞ নাথান লায়নের সঙ্গে দ্বিতীয় স্পিনার হিসেবে দলে আছেন মারফি।

অ্যালেক্স ক্যারির পর বিকল্প উইকেটরক্ষক হিসেবে দলে রাখা হয়েছে জশ ইংলিশকে। ভারতের বিপক্ষে সর্বশেষ সিরিজের প্রথম টেস্টে কনুইয়ের ইনজুরিতে মাঠের বাইরে ছিটকে পড়েন ওয়ার্নার। সুস্থ হয়ে

উঠায় টেস্ট দলে ফেরানো হয়েছে ওয়ার্নারকে। সাম্প্রতিক বাজে ফর্মের কারনে ওয়ার্নারের দলে থাকা নিয়ে অনেক প্রশ্ন উঠেছিলো। এজন্য বিকল্প ওপেনার হিসেবে রাখা হয়েছে হ্যারিস ও ২০২৩-২৪ মৌসুমে অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় চুক্তিতে না থাকা ম্যাথু রেনশকে।

ইনজুরি কাটিয়ে অস্ট্রেলিয়া দলে ফিরছেন পেসার জশ হ্যাজেলউড। অধিনায়ক প্যাট কামিন্স, মিচেল স্টার্ক ও স্কট বোল্যান্ডের সঙ্গে পেস আক্রমনে থাকবেন হ্যাজেলউড।

সর্বশেষ ভারত সফরের দল থেকে বাদ পড়েছেন ব্যাটার পিটার হ্যান্ডসকম, তিন স্পিনার অ্যাস্টন অ্যাগার, ম্যাথু কুনেমান ও মিচেল সোয়েপসন।

অস্ট্রেলিয়া দল: প্যাট কামিন্স (অধিনায়ক), স্কট বোল্যান্ড, অ্যালেক্স ক্যারি, ক্যামেরন গ্রিন, মার্কাস হ্যারিস, জশ হ্যাজেলউড, ট্রাভিস হেড, জশ ইংলিশ, উসমান খাজা, মার্নাস লাবুশেন, নাথান লিঁও, মিচেল মার্শ, টড মারফি, ম্যাট রেনশ, স্টিভ স্মিথ, মিচেল স্টার্ক এবং ডেভিড ওয়ার্নার।

সূত্র: ইত্তেফাক

ক্ষমা চেয়ে পার পেলেন ডিলার ইলিয়াস

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সিমা খাতুন নামের এক উপকার ভোগীর সরকারী খাদ্যবন্ধব কর্মসুচি(ওএমএস) এর কার্ড ছিড়ে দেয়ার ঘটনায় করা অভিযোগ অবশেষে ক্ষমা চেয়ে নিষ্পত্তি হয়েছে।

গতকাল মঙ্গলবার (১৮ এপ্রিল) দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কাছে করা লিখিত আবেদন শুনানি হয়। ভুক্তভোগীর করা অভিযোগের প্রেক্ষিতে ওমএমএস ডিলার ইলিয়াসকে ডেকে মধ্যস্থতা করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। এসময় ক্ষমা চাওয়ার ও এমন কর্মকান্ড ভবিশ্যতে যেন না ঘটে তার জন্য শতর্ক করে দেয়া হয়

ডিলার ইলিয়াসকে। সেই সাথে সিমা খাতুনকে নতুন কার্ড করে দেয়ার প্রতিশ্রুতি দেয়া হয়।

জানা গেছে,ওএমএস এর কাথুলী ইউনিয়নের ডিলার ইলিয়াসের বিরুদ্ধে কার্ড ছিড়ে ফেলা ও গালিগালাজ করায় উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত অভিযোগ দায়ের করেন গাংনীর কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের সিমা খাতুন নামের এক ভুক্তভোগী ।

ওএমএস ডিলারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহনের দাবী করে গত বৃহস্পতিবার দুপুরে ভুক্তভোগী সিমা খাতুন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর বরাবর লিখিত আবেদন জমা দেন। অভিযোগ আমলে নিয়ে উপজেলা খাদ্য অফিসারকে তদন্ত করে প্রতিবেদন দিতে বলেন ইউএনও। বিষয়টি ঘটনা স্থলে না গিয়ে অভিযোগকারী সিমা খাতুনকে অফিসে ডেকে নিয়ে অফিসে বসেই তদন্ত শেষ করেন খাদ্য অফিসার। তদন্ত কর্মকর্তার দেয়া তথ্য অভিযোগকারী ও ডিলার ইলিয়াসকে ডেকে নেন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে।

বিষয়টি ছিল ডিলার ও অভিযোগকারি সিমা খাতুনের মধ্যে ঘটে যাওয়া ঘটনা অনাকাঙ্ক্ষিত ও ভুলবোঝাবুঝি। এমন কথা জানিয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সতু দৈনিক মেহেরপুর প্রতিদিনকে জানান, সিমা খাতুনের অভিযোগ গুরুত্বের সাথে দেখা হয়েছে। কার্ড ছিড়ে দেয়ার বিষয়টি বিভিন্ন মানুষকে জানতে চাওয়া হলে এবিষয়ে কেউ দেখেনি বলে জানান। তাছাড়া কার্ড ছিড়ে দিলেও ওমএমএস এর চাল নিতে কোন সমস্যা হবেনা। তাই ডিলার ইলিয়াসকে আবেদনকারি ক্ষৃমা করে দিয়েছেন। বিষয়টি নিয়ে ডিলার ইলিয়াসও দুঃখ প্রকাশ করেছেন।এরপর ডিলার এমন কর্মকান্ডের বিষয়ে অভিযোগ পেলে ছাড় দেয়া হবেনা বলেও জানান তিনি।

উল্লেখ্য: বর্তমান সরাকরের বহুল প্রশংসিত খাদ্যবান্ধব কর্মসুচী(ওএমএস) কার্ডে চাউল নিতে গেলে ডিলার ইলিয়াসের বিরুদ্ধে কার্ড ছিড়ে টুকরো টুকরো করে দেয়ার অভিযোগ ওঠে। বুধবার বেলা ১১ টার সময় খাদ্যবান্ধব কর্মসুচীর কার্ডে চাউল উত্তোলনের সময় কার্ড ছিড়ে ফেলার ঘটনা ঘটে। পরে ছেড়া কার্ডের টুকরোগুলোও সযতেœ গুছিয়ে নিয়ে চোখ মুছতে মুছতে বাড়ি ফেরেন অসহায় নারী সিমা খাতুন। সিমা খাতুন গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের মৃত মাহাবুলের স্ত্রী।
সিমা খাতুনের অভিযোগ, আমার স্বামী একমাত্র উপার্জনের ভরসা ছিল। ছোট ছোট ছেলে মেয়ে নিয়ে কোন রকমে সংসার চলতো। এর মধ্যে

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সারফরাজ হোসেন মৃদুল, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদী রাসেল, মোনাখালী ইউনিয়নের সভাপতি রফিকুল ইসলাম গাইন, বাগোয়ান ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদক, উপজেলা কৃষক লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল সহ উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ। এবং নিজগ্রাম যতারপুরের সাধারণ মুসল্লিগন। ইফতারে পূর্ব দোয়া অনুষ্ঠানে দেশবাসীর মঙ্গলের জন্য দোয়া করা হয়।

গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহিফল অনুষ্ঠিত

গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ২৬ রমজার বিকেলে গাংনী পাইলট হাইস্কুল মাঠে অনুষ্ঠিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

রিপোটার্স ক্লাবের সভাপতি আনারুল ইসলাম বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক।

ইফতার ও দোয়া মাহফিলে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

ইফতার মাহফিলে রিপোটার্স ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকন, সম্পাদক নুরুজ্জামান পাভেল, দৈনিক সুর্যোদয় পত্রিকার প্রকাশক আবুল কাশেম

অনুরাগী, ভারপ্রাপ্ত সম্পাদক আতিক স্বপন, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সম্পাদক মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

ইফতার পুর্ববর্তী দোয়া পরিচালনা করেন মাওলানা মোঃ জাহিদুর রহমান।